
প্রথম আলো

তারিখ ... AUG. 27. 2006 ...
পৃষ্ঠা ৬ কলাম ৫




# বিজ্ঞান শিক্ষাবিষয়ক সম্মেলন

গণিত অলিম্পিয়াডে অভাবনীয় সাফল্যের পর বিজ্ঞানের অন্যান্য শাখাকে নিয়েও অলিম্পিয়াড আয়োজনের জন্য প্রস্তুত হচ্ছে বাংলাদেশ। গত ১৮ ও ১৯ আগস্ট বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের মিলনায়তনে আয়োজিত এক সম্মেলনে এ আশাবাদ ব্যক্ত করেন দেশসেরা বিজ্ঞানী, গবেষক ও শিক্ষাবিদগণ। সম্মেলনে 'মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান ব্যবহারিক পরীক্ষণে সমস্যা ও সম্ভাবনা' শীর্ষক এক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে সারা দেশের স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা অংশ নেন। যা মাপা যায়, তা-ই অর্থপূর্ণ—এ ধারণা থেকেই বিজ্ঞানের তত্ত্বীয় অংশের পাশাপাশি ব্যবহারিক অংশ গুরুত্ব লাভ করে। কিন্তু সম্পদ ও উপযুক্ত শিক্ষকের অভাবে দেশের প্রায় সর্বত্রই ব্যবহারিক শিক্ষা অবহেলিত। এ অবস্থা দূরীকরণে, দেশীয় প্রযুক্তির যথাযথ ব্যবহার ও শিক্ষকদের যথোপযুক্ত প্রশিক্ষণের ওপর গুরুত্ব আরোপ করেন আলোচকেরা। পাশাপাশি শিক্ষকেরাও তাদের নানা সমস্যা ও সীমাবদ্ধতার কথা তুলে ধরেন। সম্মেলনে ড. সিদ্দিক-ই-রব্বানী দেশীয় প্রযুক্তিতে পদার্থ বিজ্ঞানের বিভিন্ন ব্যবহারিক পরীক্ষা সম্পাদনের পদ্ধতি তুলে ধরেন। দুই দিনের এ সম্মেলনে মোট আটটি প্রবন্ধ উপস্থাপন করা হয়। এর মধ্যে শেষ দিনে মুহম্মদ জাফর ইকবাল ও ডক্টর এম কায়কোবাদ 'বিজ্ঞান অলিম্পিয়াড শিক্ষায় সমৃদ্ধি অর্জনের চালিকাশক্তি' শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন। এতে তারা বিগত দুটি আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াডে বাংলাদেশের সাফল্য ও দেশজুড়ে অভাবনীয় সাড়ার কথা তুলে ধরেন। এর পাশাপাশি অন্যান্য আন্তর্জাতিক অলিম্পিয়াডের সংক্ষিপ্ত ইতিহাস এবং তাতে বাংলাদেশের তরুণ শিক্ষার্থীদের যোগদানের যৌক্তিকতা তুলে ধরা হয়। সম্মেলনে, আগামী বছর জুন মাসে ইরানে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক পদার্থ বিজ্ঞান অলিম্পিয়াডে বাংলাদেশের দল পাঠানোর ঘোষণা দেয়া হয়। এ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক আহমেদ শফী, মেসবাহ উদ্দীন আহমেদ, শামীমা চৌধুরী, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ড. মুহম্মদ জাফর ইকবাল, নর্থসাউথ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এম কায়কোবাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। এ ব্যাপারে ড. মুহম্মদ জাফর ইকবাল জানালেন, সারা দেশের কলেজগুলো থেকে বাছাই পরীক্ষার মাধ্যমে নির্বাচিতদের মধ্যে আরেকটি পরীক্ষা নিয়ে গঠন করা হবে বাংলাদেশ দল। এ লক্ষ্যে আগ্রহীদের এখন থেকেই প্রস্তুতি শুরু করা দরকার।

❑ জুবাঈর সাঈদ